গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
বীর উত্তম এ, কে, খন্দকার রোড
৯২-৯৩,মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

ডাইরী নং- ১৮৭
তারিখ- ০৬/০২/১৯

স্মারকনং-৫১.০১.১৩১৬৫৫.০২৪.৪১.২৫৭.১৬/ ৩০৪ তারিখঃ ২৪/০১/২০১৯খ্রিঃ।

প্রেরক : সওদাগর মুস্তাফিজুর রহমান
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
"গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫মিঃ দৈর্ঘ্যের
সেতু/কালভার্ট নির্মাণ" প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : ১। উপজেলা নির্বাহী অফিসার, সাভার, জেলা- ঢাকা।
২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সাভার, জেলা- ঢাকা।

বিষয় : বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ২০১৮-২০১৯ অর্থ বৎসরে "গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ" শীর্ষক প্রকল্পের জন্য সেতুর নক্সাসহ প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

সূত্র : (ক) অত্র অধিদপ্তরের স্মারক ৫১.০১.০০০০.০২৪.৪১.০১৯.১৭/১২৮৪ তারিখঃ ২০/০৯/২০১৮ খ্রিঃ।
(খ) উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং ৫১.০১.২৬৭২.০০০.৪২.০৬২.১৯/০৩ তারিখঃ২২/০১/১৯খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, ২০১৮-২০১৯ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে "গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় সংশোধিত ডিপিপি বরাদ্দ/বিভাজন অনুযায়ী ঢাকা জেলার সাভার উপজেলায় নিম্নে বর্ণিত ০৪(চার)টি প্রকল্পের জন্য ১,০৭,২৯,৪৮৫.০০ (এক কোটি সাত লক্ষ উনত্রিশ হাজার চারশত পঁচাশি) টাকার প্রাক্কলনও নকসার প্রাথমিক অনুমোদন প্রদান পূর্বক এগুলোর ০১(এক)প্রস্থ পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হল।

| ক্র/নং | গৃহীত সেতু/কালভার্টের নাম | দৈর্ঘ্য (ফুট) | প্রাথমিকভাবে প্রাক্কলিত অর্থ |
|---|---|---|---|
| ০১. | কোনাপাড়া মাউনের টেকের পশ্চিম মাথা হতে বাইদগ্রাম পর্যন্ত রাস্তায় ব্রীজ নির্মাণ (শিমুলিয়া ইউপি)। | ২০ | ১৬,৭৫,৫৩০.০০ |
| ০২. | কন্ডা পাকা রাস্তার মাথা হতে আলোকদি গ্রাম পর্যন্ত রাস্তায় ব্রীজ নির্মাণ (ধামসোনা ইউপি)। | ৩২ | ২৫,৭৪,৬৭৯.০০ |
| ০৩. | বাইপাইল পশ্চিম পাড়া হতে শান্তিনগর রাস্তার নলির খালের উপরে ব্রীজ নির্মাণ (ধামসোনা ইউপি)। | ৪০ | ৩২,৩৯,৬৩৮.০০ |
| ০৪. | হিরার পাড়া হাটু ভাঙ্গা রাস্তায় কাজেলের বাড়ীর পশ্চিম পার্শ্বে ব্রীজ নির্মাণ (পাথালিয়া ইউপি)। | ৪০ | ৩২,৩৯,৬৩৮.০০ |
| | মোটঃ | | ১,০৭,২৯,৪৮৫.০০ |

২। প্রকল্প পরিচালক কর্তৃক ২০১৮-২০১৯ অর্থ বছরে একই সংঙ্গে ২৫০টি উপজেলায় সেতু/কালভার্ট নির্মাণের জন্য (সংশোধিত ডিপিপি অনুযায়ী) পত্রিকায় দরপত্র আহবান করা হয়েছে। বিধি মোতাবেক অবশিষ্ট সকল কার্যক্রম (যেমনঃ দরপত্র বিক্রি ও গ্রহণ, দরপত্র খোলা, দরপত্র মূল্যায়ন, ঠিকাদার নিয়োগ ও কার্যাদেশ প্রদান) সংশ্লিষ্ট উপজেলা কর্তৃক সম্পন্ন করতে হবে। ইতোমধ্যে দৈনিক জনকণ্ঠ, দৈনিক সমকাল, দৈনিক আলোকিত বাংলাদেশ, দৈনিক আজকালের খবর, দৈনিক ভোরের ডাক ও The Dhaka Tribune এবং The Daily Observer পত্রিকায় গত ১০/০১/২০১৯ ইং তারিখে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। দরপত্র গ্রহণ ও ঠিকাদার নিয়োগসহ এতদসংক্রান্ত যাবতীয় কার্যক্রম পি.পি.আর ২০০৮ (সর্বশেষ সংশোধনীসহ) অনুযায়ী সম্পন্ন করতে হবে। কার্যাদেশের অনুলিপি জরুরী ভিত্তিতে প্রকল্প পরিচালকের দপ্তরে প্রেরণ করতে হবে।

৩। সংশ্লিষ্ট উপজেলা কর্তৃপক্ষ কর্তৃক সর্বশেষ ১৩/০২/২০১৯ইং তারিখের মধ্যে ঠিকাদার নির্বাচন সম্পন্ন করতে হবে।

৪। সংশ্লিষ্ট উপজেলা কর্তৃপক্ষ কর্তৃক সর্বশেষ ২০/০২/২০১৯ইং তারিখের মধ্যে কার্যাদেশ প্রদান সম্পন্ন করতে হবে।

৫। সংশ্লিষ্ট উপজেলা কর্তৃপক্ষ কর্তৃক সর্বশেষ ১৫ই এপ্রিল/২০১৯ তারিখের মধ্যে সেতু/কালভার্ট নির্মাণের কাজ সম্পূর্ণভাবে শেষ করে চূড়ান্ত প্রাক্কলন অধিদপ্তরে প্রকল্প পরিচালকের কার্যালয়ে অনুমোদনের জন্য দাখিল করতে হবে। ডিপিপি'র নির্দেশনানুযায়ী প্রকল্প পরিচালক কর্তৃক চূড়ান্ত প্রাক্কলন অনুমোদনের পরই সর্বশেষ কিস্তির অর্থ ছাড় করতে হবে।

৬। প্রকল্পের মেয়াদকাল ৩০শে জুন/২০১৯-এ শেষ হয়ে যাবে। এরপর প্রকল্পের কোন কার্যক্রম চলবেনা এবং বিল পরিশোধেরও কোন সুযোগ থাকবে না। ৩০জুন/২০১৯ তারিখের পর প্রকল্পের অব্যয়িত/অনুত্তোলিত সমুদয় অর্থ তামাদি হয়ে যাবে।

৭। উপরোক্ত সেতু/কালভার্ট প্রকল্প সমূহের মধ্যে কোন প্রকল্পের স্থান নির্বাচন ত্রুটিপূর্ণ হলে অর্থাৎ সেতুর উভয় পার্শ্বে সংযোগ সড়ক না থাকলে, খালের প্রশস্থতার সাথে সেতুর দৈর্ঘ্য সামঞ্জস্যপূর্ণ/যথাযথ না হলে (অর্থাৎ খালের প্রশস্থতার চেয়ে সেতুর দৈর্ঘ্য কম হলে) উক্ত প্রকল্পটির অনুমোদন বাতিল বলে গন্য হবে। দ্রুত কাজ শেষ করার লক্ষ্যে এমন স্থান নির্বাচন করতে হবে, যেখানে এখনই কাজ শুরু করে দ্রুত শেষ করা যাবে (অর্থাৎ এখনও গভীর পানিতে নিমজ্জিত এমন স্থান পরিহার করতে হবে)। এরূপ প্রকল্প উপজেলা কর্তৃপক্ষ বাস্তবায়ন করলে তাঁর দায়ভার অত্র অফিস বহন করবে না এবং এসব প্রকল্পের কোন বিল প্রদান করা হবে না।

৮। উপরে বির্ণত নির্দেশনা সমূহ যথাযথভাবে অনুসরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে সেতুর কাজ শেষ করে চূড়ান্ত প্রাক্কলন দাখিল না করা হলে এবং এর জন্য বিল প্রদানে জটিলতা দেখা দিলে তার দায়ভার অত্র অধিদপ্তর তথা প্রকল্প অফিস বহন করবে না, উপজেলা কর্তৃপক্ষকেই এর দায় দায়িত্ব বহন করতে হবে। বিষয়টি অতীব জরুরী।

(সওদাগর মুস্তাফিজুর রহমান)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
"গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫মিঃ দৈর্ঘ্যের
সেতু/কালভার্ট নির্মাণ" প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

স্মারকনং-৫১.০১.১৩১৬৫৫.০২৪.৪১.২৫৭.১৬/ তারিখঃ /০১/২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ-

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। জেলা প্রশাসক, ঢাকা।
৪। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ইহা মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাভার, জেলা:-ঢাকা।
... খাদ্য ভবন, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।